**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**04 MARCH 2025** **7:45—7:55 PM IST**

======================================================

(১) রাজ্যের জনৈক মন্ত্রীর একটি সম্প্রদায়ের প্রতি অসম্মানজনক মন্তব্য করার অভিযোগে বিরোধী পক্ষের আজ আসাম বিধানসভায় হুলুস্থুলময় পরিবেশের সৃষ্টি/

(২) আসাম সরকারের গ্রহণ করা সর্বমোট ঋণ এবং মোট ঘরোয়া উৎপাদনের অনুপাত ২৪ শতাংশের মধ্যে রাখতে সমর্থ হয়েছে বলে অর্থমন্ত্রীর প্রকাশ/

এবং

(৩) আসাম বিশ্ববিদ্যালয় ও আর্ন্তজাতিক পরিবেশ সংগঠন আই ইউ সি এন'এর যৌথ উদ্যোগে আজ বরাক নদীর তীরবর্তী লোকেদের জীবন ও জীবিকা সংক্রান্ত এক কর্মশালা/

---------------------------------------------------------------------------

রাজ্যের জলসেঁচ ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী অশোক সিংহল একটি সম্প্রদায়ের প্রতি আপত্তি জনক মন্তব্য করেছেন বলে অভিযোগ করে আজ আসাম বিধানসভায় হই হট্টগোল পরিস্থিতির সৃষ্টি হয় ।বিরোধি দলের সদস্যরা মন্ত্রী শ্রী সিংহলের পদত্যাগের দাবী জানানো সহ তাঁর বিরুদ্ধে বিশেষ অধিকার ভঙ্গের প্রস্তাব উত্থাপন করার দাবী জানায় । অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী এই প্রস্তাব প্রত্যাখান করলে বিরোধি সদস্যরা অধ্যক্ষের আসনের সামনে এসে ধ্বনি দিতে থাকে এবং সভায় হইহট্টগোল পরিস্থিতির সৃষ্টি হয় ।এই পরিস্থিতিতে অধ্যক্ষ ১০ মিনিটের জন্য সভা স্থগিত রাখেন । পুনরায় সভার কাজকর্ম শুরু হওয়ার পর পরিস্থিতি স্বাভাবিক না হওয়ায় অধ্যক্ষ শ্রী দৈমারী

কংগ্রেসের আব্দুল কালম রশিদ আলম , রাইজর দলের অখিল গগৈ এবং এ আই ইউ ডি এফের আশ্রাফুল হককে বিধানসভা থেকে বহিষ্কার করেন । উপাধ্যক্ষ ডঃ নোমাল মোমিন এই বিষয়টি সভার ভেতরের বিষয় নয় বলে মন্তব্য করায় পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায় এবং সভার কাজকর্ম ২০ মিনিটের জন্য স্থগিত রাখা হয় ।এরপর সভার কাজকর্ম পুনরায় শুরু হলে এ আই ইউ ডি এফ দলের বিধায়করা একই বিষয় নিয়ে হট্টগোল শুরু করলে উপাধ্যক্ষ শ্রী মোমিন দলটির বিধায়কদের ১০ মিনিটের জন্য বিধানসভা থেকে বহিষ্কার করেন ।

---------------------------------------------------------------------------------

আসাম সরকার রাজ্যের গ্রহণ করা সর্বমোট ঋণ এবং মোট ঘরুয়া উৎপাদনের অনুপাত ২৪ শতাংশের মধ্যে রাখতে সমর্থ হয়েছে বলে আজ অর্থমন্ত্রী অজন্তা নেওগ আসাম বিধানসভায় জানান ।বিধায়ক আশ্রাফুল হুসেনের ঋণের উৎস্য সম্পর্কে উত্থাপিত এক প্রশ্নের উত্তরে অর্থমন্ত্রী শ্রীমতী নেওগ বলেন অর্থনৈতিক দায়বদ্ধতা এবং বাজেট ব্যবস্থাপনা আইন অনুযায়ি এই অনুপাত ৩২ শতাংশের মধ্যে রাখতে হয় এবং আসাম এই ক্ষেত্রে সাফল্য লাভ করেছে ।রাজ্য সরকার আর্থিক প্রতিষ্ঠান , রাজ্য ভবিষ্যনিধি এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ গ্রহণ করে বলে অর্থমন্ত্রী বিধানসভায় জানান ।বর্তমানে চলতে থাকা ঋণগুলো নির্ধারিত সময়ে পরিশোধ করা হচ্ছে এবং ভবিষ্যতেও নির্দিষ্ট সময়ে পরিশোধ করার প্রয়াস অব্যাহত রাখা হয়েছে বলে তিনি জানান ।বিগত অর্থবছরে সরকারের বিভিন্ন বিভাগে বেতন , পেনশন , ভাতা সহ বিভিন্ন খাতে ৬০ হাজার ২০৩ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে বলেও অর্থমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------

আসামে হত্যা, ধর্ষণ সহ বিভিন্ন অপরাধমূলক ঘটনা ক্রমে হ্রাস পাচ্ছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা বিধানসভায় জানিয়েছেন । রাজ্যের গৃহ বিভাগের দায়িত্বে থাকা ডঃ শর্মা আইন-শৃঙ্খলা সম্পর্কিত একটি প্রশ্নের উত্তরে বিগত কয়েকটি বছরের অপরাধমূলক ঘটনার তথ্য তুলে ধরে গুয়াহাটি মহানগরে সংঘটিত ধর্ষণের ঘটনা সমূহ রোধ করার জন্য রাজ্য সরকার পুলিশী টহল বৃদ্ধি করেছে বলে জানিয়েছেন । এছাড়া বিভিন্ন হোটেল, বার ইত্যাদির উপর নজর রাখার পাশাপাশি এধরণের ঘটনার দ্রুত তদন্তের ব্যবস্থা করে দোষীদের উপর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । বিধায়ক রমেন্দ্র নারায়ণ কলিতার একটি লিখিত প্রশ্নের উত্তরে ডঃ শর্মার দেওয়া তথ্য অনুসারে ২০২০ সালে এক হাজার ১৩১টি, ২০২১ সালে এক হাজার ১৯২টি, ২০২২ সালে এক হাজার ৭২টি, ২০২৩ সালে এক হাজার ২৫টি, ২০২৪ সালে ৯২৬টি এবং চলতি বছরের ২৩শে ফেব্রুয়ারি পর্যন্ত রাজ্যে ১০২টি হত্যার ঘটনা

সংঘটিত হয়েছে । অনুরূপভাবে ২০২০সালে এক হাজার ৬৫৭টি, ২০২১ সালে এক হাজার ৭৩৩টি, ২০২২ সালে এক হাজার ১১৩টি, ২০২৩ সালে ৯৮৯টি, ২০২৪ সালে এক হাজার ১৯টি এবং চলতি বছরের ২৩শে ফেব্রুয়ারি পর্যন্ত ১২১টি ধর্ষণের ঘটনা সংঘটিত হয়েছে । ড্রাগ্‌স, ভাঙ, হেরোইন ইত্যাদির ব্যবসা প্রতিরোধে রাজ্য সরকারের বিগত সময়ে গ্রহণ করা ব্যবস্থার কথাও তিনি বিধানসভায় উল্লেখ করেন ।

---

ছত্তিসগড়ের পন্ডিত রবিশঙ্কর শুক্লা বিশ্ববিদ্যালয়ে শ্রীমন্ত শঙ্করদেবের নামে একটি আসন প্রতিষ্ঠা করা হবে বলে সেখানকার রাজ্যপাল ও মঙ্গলদৈ লোকসভা আসনের প্রাক্তন সাংসদ রমেন ডেকা গুয়াহাটিতে সাংবাদিকদের জানিয়েছেন । শ্রী ডেকা জানিয়েছেন যে- এরজন্যে ছত্তিসগড়ের বাজেটে দুই কোটি টাকা ধার্য করা হয়েছে । ছত্তিসগড়ের রাজ্য ভাষায়ও শ্রীমন্ত শঙ্করদেবের সৃষ্টিকর্ম নিয়ে শিক্ষার্থীরা গবেষণা করতে পারবে বলে শ্রী ডেকা জানান । আসামে শীঘ্রই ছত্তিসগড় ভবন নির্মাণ করা হবে বলে উল্লেখ করে শ্রী ডেকা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মাকে ছত্তিসগড়ে আসাম ভবন স্থাপনের আহ্বান জানান । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা শ্রী ডেকার এই তৎপরতার জন্য ছত্তিসগড় সরকার এবং সেরাজ্যের রাজ্যপালের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সরকারের গ্রহণ করা সংস্কারমূলক কাজের সুনিশ্চিত প্রতিশ্রুতি শিল্প ক্ষেত্রে নতুন আত্মবিশ্বাস বয়ে এনেছে ।তিনি বলেন যে সরকারের বিগত ১০ বছরের প্রতিশ্রুতি অনুযায়ি সংস্কার , অর্থনৈতিক নিয়মানুবর্তিতা , স্বচ্ছতা ইত্যাদি ক্ষেত্রে বিকাশের গতি অব্যাহত রয়েছে ।নতুনদিল্লীতে অনুষ্ঠিত বিকাশ , নির্মাণ , রপ্তানি ও আনবিক শক্তির কেন্দ্র হিসেবে ক্ষুদ্র , হালকা ও মাঝারি শিল্প শীর্ষক একটি ওয়েবিনারে ভাষণ দিয়ে প্রধানমন্ত্রী একথা বলেন ।দেশের অর্থনীতিতে কোবিডের প্রভাব হ্রাস করার জন্য সরকারের গৃহীত বিভিন্ন ব্যবস্থা ভারতকে একটি দ্রুত বিকাশশীল অর্থনীতির দেশ হিসেবে প্রতিষ্ঠা করার ক্ষেত্রে সহায়তা করেছে ।বিশ্বের বহু দেশ ভারতের সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক শক্তিশালী করার ওপর গুরুত্ব দিচ্ছে বলে তিনি মন্তব্য করেন ।

---

হাইব্রিড যুদ্ধ , সাইবার অপরাধ এবং মহাকাশ সংক্রান্ত প্রত্যহ্বান সমুহ নিরাপত্তা ব্যবস্থায় বাধা সৃষ্টি করছে ।আজ নতুন দিল্লীতে আভ্যন্তরীণ সুরক্ষা ক্ষেত্রে উন্নত প্রযুক্তি শীর্ষক এক আলোচনায় অংশগ্রহণ করে কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং একথা বলেন ।তিনি বলেন আভ্যন্তরীণ এবং বাহ্যিক সুরক্ষার মধ্যে সামঞ্জস্য না থাকার জন্য

বর্তমানে সমগ্র বিশ্বে নিরাপত্তা পরিস্থিতি জটিল হয়ে পরেছে ।নিরাপত্তা প্রতিষ্ঠানগুলোর সহযোগিতামূলকভাবে কাজ করে যাওয়া সুনিশ্চিত করতে সরকার প্রয়াস অব্যাহত রেখেছে বলে তিনি মন্তব্য করেন ।এই ক্ষেত্রে প্রতিরক্ষা গবেষণা এবং উন্নয়ন সংস্থা ডি আর ডি ও 'র অবদানের প্রশংশা করে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে এই সংস্থাটি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী এবং অন্যান্য নিরাপত্তা সংস্থাগুলোর জন্য বহু প্রযুক্তি পরিকাঠামো গড়ে তুলেছে ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে জাতীয় স্বাস্থ্য অভিযান মিশন ষ্টিয়ারিং গোষ্ঠির নবম বৈঠকে অধ্যক্ষতা করেন । বৈঠকে স্বাস্থ্যক্ষেত্রের উন্নত সুযোগ সুবিধা বৃদ্ধি এবং জাতীয় স্বাস্থ্য অভিযানের লক্ষ্য প্রাপ্তির জন্য নীতি পরিকাঠামো , কার্যকরী কৌশল এবং অর্থনৈতিক নিয়ম সম্পর্কে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয় ।বৈঠকে বিভাগের প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদব এবং অনুপ্রিয়া প্যাটেল এবং নীতি আয়োগের উপাধ্যক্ষ সুমন কে বেরি উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

দক্ষিণ আসামের প্রধান নদী বরাকের উৎপত্তিস্থল থেকে অন্তিম স্থল পর্যন্ত নদীর দুই তীরে বসবাসকারী জনসাধারণের জীবন ও জীবিকার ক্ষেত্রে থাকা বিভিন্ন সমস্যার প্রকৃতিভিত্তিক সমাধানে এগিয়ে এসেছে আর্ন্তজাতিক পরিবেশ সংগঠন ইন্টারন্যাশনেল ইউনিয়ন ফর কনজার্ভেশন অফ নেচার এন্ড ন্যাচারেল রিসোর্স ( আই ইউ সি এন) এবং আসাম বিশ্ববিদ্যালয়। এই দুটি প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে আজ শিলচরে এই সংক্রান্ত একদিনের এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । এতে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি বিভাগ সহ বেশকয়েকটি স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিরা অংশগ্রহণ করেছেন । এই কর্মশালায় মূলতঃ বরাক উপত্যকার শ্রীভূমি ও কাছাড় জেলার নদীগুলির তীরবর্তী বসবাসকারী লোকেদের জীবিকার উপর আলোচনা করে কিছু প্রস্তাব গ্রহণ করা হয়েছে । এতে আসাম বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের ডিন অধ্যাপক পার্থঙ্কর চৌধুরী এবং আর্ন্তজাতিক সংস্থা আই ইউ সি এন'এর সিনিয়র প্রোগ্রাম অফিসার বিশ্ব রঞ্জন সিন্হা সমগ্র বিষয় নিয়ে কথা বলেন । শ্রী সিন্হা বলেন--

-----------------------------------------------------------------------------------------

মিজোরামের মুখ্যমন্ত্রী লালদুহমা আজ রাজ্য বিধানসভায় ২০২৫-২৬ অর্থবছরের বাজেট বিধানসভায় উত্থাপন করেছেন । রাজ্যের অর্থ বিভাগের দায়িত্বে থাকা মুখ্যমন্ত্রী লালদুহমার উত্থাপন করা এই বাজেটে মোট ১৫ হাজার ১৯৮ কোটি টাকার ব্যয় ধার্য করা হয়েছে । এরমধ্যে ১২ হাজার ৫৪০ কোটি ২০ লক্ষ টাকা রাজস্ব ব্যয় খাতে ধার্য

করা হয়েছে । বাজেটে মিজোরাম সরকারের বেশকয়েকটি ধ্বজাবাহী প্রকল্প বাবদ বরাদ্দ অর্থের পরিমাণ ৭৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলে আমাদের আইজল সংবাদদাতা জানিয়েছেন ।

---

রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ জাতীয় স্বাস্থ্য অভিযান-আসামের কর্মচারীরা সপ্তম বেতন কমিশনের সুপারিশ অনুসারে তাদের বকেয়া বেতন প্রদান, সুপ্রীম কোর্টের নির্দেশ অনুসারে সমান কাজ সমান বেতন এবং সমান সুযোগ সুবিধার দাবীতে তিনদিনের কর্মবিরতি কার্যসূচী রূপায়ণ করেছেন । শিলচরের সিভিল হাসপাতাল প্রাঙ্গণে আজ এন এইচ এম কর্মীরা তাদের বিভিন্ন দাবীর সমর্থনে প্লেকার্ড নিয়ে বিক্ষোভ প্রদর্শন করেন । এই কর্মবিরতির সময়ে জরুরিকালীন সেবা ছাড়া স্বাস্থ্যকর্মীরা অন্য কোনো সেবা প্রদান না করার সিদ্ধান্ত নিয়েছেন ।

---

শ্রীভূমি জেলার জাতীয় স্বাস্থ্য মিশনের কর্মীরা আজ থেকে তিন দিনের কর্ম বিরতি শুরু করেছেন । কর্ম বিরতির অংশ হিসেবে শ্রীগৌরী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের কর্মীরা আজ বিক্ষোভ কার্য্যসূচী পালন করেন ।

---

শ্রীভূমি পৌরসভা ও জেলার পুলিশ প্রশাসনের যৌথ উদ্যোগে শ্রীভূমি শহরে চুরি-ডাকাতি প্রতিরোধ করতে গতকাল একটি সভা অনুষ্ঠিত হয়েছে । পৌর সভাপতি রবীন্দ্র চন্দ্র দেবের পৌরহিত্যে আয়োজিত সভায় চুরি-ডাকাতি প্রতিরোধে কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । সভার সিদ্ধান্ত অনুসারে শ্রীভূমি শহরের প্রতিটি ওয়ার্ডে , ওয়ার্ড কমিশনাররা নাগরিক ও পুলিশ প্রশাসনকে নিয়ে সচেতনতা সভার আয়োজন করবেন । পাশাপাশি ওয়ার্ডের সমাজবিরোধীদের নাম সনাক্ত করে পুলিশ প্রশাসনকে জানাতে বলা হয়েছে । এছাড়া শহরের কোথাও কোনও অপরিচিত সন্দেহজনক ব্যক্তির চলাফেরা নজরে পড়লে পুলিশ কন্ট্রোল রুমে জানাতে বলা হয়েছে । পুলিশ কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর হচ্ছে- ৮০৯৯৬৬২২৭৫ ।

---